



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

উপজেলা সমাজসেবা কার্যালয়

ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

“শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা”

“শেখ হাসিনার হাতটি ধরে পথের শিশু
যাবে ঘরে”

ishwarganj.mymensingh.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৬১৩১.০০০.০৬.০০২.২৪.৬

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: হ্যাকার গ্রুপের প্রভাৱণতা হতে সচেতনতা সৃষ্টি করতে ভাতাভোগীদের অবহতি কল্পণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগূহিতা মহিলা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর সম্প্রদায়ের বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে।

সমাজসেবা অধিদপ্তর ঢাকা এর স্মারক নং- ৪১.০১.০০০০.০৪৯.২৭.০২৮.২১.১৩৫ তারিখ ১২ ফেব্রুয়ারি মোতাবেক আসন্ন পবিত্র মাহে রমজানের মধ্যে এবং ঈদুল ফিতর'২০২৪ এর পূর্বেই সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন উপকারভোগীদের অনুকূলে অধিদপ্তর থেকে পে-রোল অনুমোদন ও আইবাসের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক থেকে সরাসরি ভাতাভোগীদের মোবাইলে ভাতার টাকা আসা শুরু করবে।

সরকার কর্তৃক উপকারভোগীদের অনুকূলে ক্যাশআউট চার্জসহ ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। তাই নিকটস্থ এজেন্ট পয়েন্ট হতে ভাতাভোগীগণ তাঁর প্রাপ্ত সম্পূর্ণ টাকাই উত্তোলন করতে পারবেন। এজেন্ট পয়েন্টে কোন অতিরিক্ত ফি প্রদান করতে হবে না।

সমাজসেবা অফিস কিংবা কোন ক্ষেত্রেই দাপ্তরিক কাজে নগদ হিসাবের পিন নম্বর/ one time password (OTP) প্রয়োজন হয় না। কোন প্রতারক চক্র মুঠোফোনে ফোন করে ‘সমাজসেবা অফিস বা নগদ কাস্টমার কেয়ার সার্ভিস থেকে বলছে’ মর্মে কিংবা সরাসরি পিন নম্বর/ ওটিপি চাইলে সেটি কোনভাবেই দিবেন না। প্রয়োজনে সংশ্লিষ্ট থানায় যোগাযোগ করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর যেকোন প্রয়োজনে সমাজসেবা অফিসের সাথে যোগাযোগ করবেন।

এমতাবস্থায়, আপনার অধীনস্থ সকল ভাতার উপকারভোগীদের মাঝে উপরোক্ত বিষয়সমূহ অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডের সকল হাট-বাজার, মসজিদ-মন্দিরসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য গণজমায়েত স্থলে বিষয়গুলি ব্যাপক প্রচার ও জনপ্রতিনিধিদেরকে ওয়ার্ড ভিত্তিক উঠান বৈঠকসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(বিষয়টি অতীব জরুরী তাই এটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করা হল)

২৭-০৩-২০২৪

মো. হাসান কিবরিয়া

উপজেলা সমাজসেবা অফিসার

০১৭০৮৪১৫০০৭

usso.iswarganj07@gmail.com

মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর/ইউপি সদস্য, (সকল)..... ইউনিয়ন পরিষদ ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৪১.০১.৬১৩১.০০০.০৬.০০২.২৪.৬/১ (৭)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় সংসদ সদস্য, ১৫৩, ময়মনসিংহ-৮, ঈশ্বরগঞ্জ।;
- ২। মাননীয় সংসদ সদস্য, ৩২১, মহিলা আসন-২১।;
- ৩। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ৪। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এবং
- ৭। অফিস, কপি।



Hasan

২৭-০৩-২০২৪

মো. হাসান কিবরিয়া
উপজেলা সমাজসেবা অফিসার